



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pr@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ১২/১২/২০১৮ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের ডিন'স অ্যাওয়ার্ড প্রদান

প্রথমবারের মত বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের মেধাবী শিক্ষার্থীদের প্রদান করা হল ডিন'স অ্যাওয়ার্ড। অদ্য ১২ ডিসেম্বর ২০১৮ তারিখ সকাল ১১ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিজয়ের ৪৮ বছরে পদার্পনের এই মাহেন্দ্রক্ষনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২০১৫-১৬ শিক্ষাবর্ষের গনিত, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান, ম্যানেজমেন্ট স্টাডিজ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, মার্কেটিং, সমাজ বিজ্ঞান এবং লোক প্রশাসন বিভাগের ২৯ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে মর্যাদাপূর্ণ এ ডিন'স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের দায়িত্ব পালনকারী বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মোঃ হাসিনুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, আজকের এই দিনটি তোমাদের জীবনের একটি স্মরণীয় অধ্যায় হয়ে থাকবে। কেননা বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ডিন'স অ্যাওয়ার্ড প্রাপ্তদের মধ্যে তোমরাই হবে পথিকৃত। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন এবং শিক্ষকবৃন্দরাও এর অংশ হিসেবে থাকবেন। এ প্রাপ্তি তোমাদের জন্য অনুপ্রেরণাদায়ক এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষার্থীদের জন্যও প্রেরণা হিসেবে কাজ করবে। আজকে তোমরা যারা এ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্পন্ন করেছ তোমাদের মত এ তরুনরাই আগামীর বাংলাদেশ গড়বে। বাংলাদেশের চলমান অগ্রযাত্রার অগ্রপথিক হবে তোমরাই। আর জীবন চলার পথে তোমরা তোমাদের নিজ বিশ্ববিদ্যালয়কে কখনো ভুলবে না। বরিশাল বিশ্ববিদ্যালয়ের এলামনাস হচ্ছে তোমরাই। মাত্র ৭ বছর বয়সেই এ বিশ্ববিদ্যালয়ের অর্জন অনেক। আর এ অর্জন তোমরাই বয়ে নিয়ে এসেছ। এ কৃতিত্বের দাবিদার তোমরা এবং তোমাদের শিক্ষকবৃন্দ। বরিশাল বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে এ প্রত্যাশা ব্যক্ত করছি। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কলা ও মানবিক অনুষদের ডিন ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে প্রতিক্রিয়া ব্যক্ত করেন গনিত বিভাগের শিক্ষার্থী মোঃ আসলাম হোসেন এবং মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সায়মা মুজিব। অন্যান্যদের মধ্যে ২৪টি বিভাগের চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, প্রভোস্ট, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলী, বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সম্মাননা প্রাপ্ত ২৯ মেধাবী শিক্ষার্থীদের প্রত্যেককে একটি করে গোল্ড প্লেটেড মেডেল ও সনদপত্র প্রদান করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস